

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত দরের কপি।
- (৪) মালামাল ও সংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।
- (৫) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Repairing, maintenance & servicing of suction & delivery line gate valve, NRV etc for Narinda CPS pump motor (pump no. 6 & 7) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।


১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বারে হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ৩ সেট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেটসহ মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটর, সাকশন ও ডেলিভারী পাইপ লাইন, গেট ভাল্ব, নন-রিটার্ন ভাল্ব প্রভৃতি মালামাল ১৯৯২ সাল থেকে চালু আছে। দীর্ঘদিন ধরে ৬ ও ৭ নং অর্থাৎ ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট পাম্প মোটরের গেট ভাল্ব, নন-রিটার্ন ভাল্ব, রিডিউসারসহ সাকশন ও ডেলিভারী পাইপ লাইন ব্যবহারের ফলে বিভিন্ন লিকেজ/ক্রটি দেখা দিচ্ছে এবং পাম্প মোটর সঠিকভাবে চালানো যাচ্ছে না। সেই কারণে ৬ ও ৭ নং পাম্প মোটরের সাকশন ও ডেলিভারী পাইপ লাইন, রিডিউসার, ফ্লাঞ্জ, গেট ভাল্ব, নন-রিটার্ন ভাল্ব প্রভৃতি মালামালের মধ্যে কিছু মালামাল ক্রয় ও স্থাপন এবং গেট ভাল্ব, নন-রিটার্ন ভাল্ব মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করে পাম্প মোটর চালু করা প্রয়োজন।


১.১। সেই আলোকে বাজার দরের ভিত্তিতে "Repairing, maintenance & servicing of suction & delivery line gate valve, NRV etc for Narinda CPS pump motor (pump no. 6 & 7)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪,৯৮,১৬০.০০০(চার লক্ষ আটানব্বই হাজার একশত ষাট) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭৭; প্যাকেজ নং-W46 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM, e-gp) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Repairing, maintenance & servicing of suction & delivery line gate valve, NRV etc for Narinda CPS pump motor (pump no. 6 & 7)" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৮,১৬০.০০০ (চার লক্ষ আটাতনবই হাজার একশত ষাট) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
- গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।
- উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


24/9/25
সম্রাট নিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


24.09.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


সেয়দুল হাবিবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


মিজী গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


৩০/১০/২৪
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।